

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

৩০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৫ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.২৮৭১

বিষয়: বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য সড়ক পথে মোট ৪,১০০ মে.টন গমের চলাচল সূচি (সূচি নং-২৭)।

- সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা ১২-১২-২০২৪ খ্রি. ১৩.০১.০০০০.২৩০.৬৮.০০১.২৪.১৭৬৭ নং স্মারক
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা ০৮-১২-২০২৪ খ্রি. ১৩.০১.০০০০.০০০.৫০.০০২.২২.২৪৩৪ নং স্মারক
৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাজীপুর এর ১২-১২-২০২৪ খ্রি. ১৩.০১.৩৩০০.০০৩.৪৬.১১২.২৪.২৪৮০ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা ও মহেশ্বরপাশা সিএসডিতে বর্তমানে যথাক্রমে ২৩,০২৯ মে.টন ও ২২,৬০০ মে.টন গমের মজুত রয়েছে। উক্ত গমের মজুতকাল প্রায় ০৮ মাস অতিক্রান্ত হলে চলেছে। দীর্ঘ সময় মজুতের কারণে গমের গুণগতমান হ্রাস পাচ্ছে। সরকারি স্বার্থে খুলনা ও মহেশ্বরপাশা সিএসডিতে মজুত যথাক্রমে ২৩,০২৯ মে.টন ও ২২,৬০০ মে.টন গম দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ ১ নং স্মারকে এ দপ্তরে প্রাপ্ত হয়েছে। ঢাকা বিভাগের বিভিন্ন জেলার এলএসডিসমূহে চলতি ডিসেম্বর'২৪ মাসসহ আগামী জানুয়ারি'২৫ মাসের ওএমএস, ইপি-ওপি, ময়দাকলসহ অন্যান্য খাতে বিলি-বিতরণের ও আপতকালীন মজুত গড়ে তোলার জন্য গমের চাহিদা সূত্রস্থ ২ নং ও ৩ নং স্মারকে এ দপ্তরে প্রাপ্ত হয়েছে।


এমতাবস্থায়, ঢাকা বিভাগের স্থাপনাসমূহে বিভিন্ন খাতে বিলি-বিতরণ ও আপতকালীন মজুত গড়ে তোলার নিমিত্তে শাস্ত্রীয় রুট বিবেচনায় সড়ক পথে মোট ৪,১০০ (চার হাজার একশত) মে.টন গমের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে জারি করা হলো।

সড়ক পথে গমের চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ সাইলো	গাজীপুর	শ্রীপুর এলএসডি	৩০০	বস্তাবন্দি গম	সড়ক পথ	আখানি, ঢাকা উপসূচি জারি করবেন
২.	এ	এ	এ	কাপাসিয়া এলএসডি	২০০	এ	এ	
৩.	এ	এ	এ	কালিগঞ্জ এলএসডি	৪০০	এ	এ	
৪.	খুলনা	খুলনা সিএসডি	শরিয়তপুর	আংগারিয়া এলএসডি	৩০০	এ	এ	চসনি, খুলনা উপসূচি জারি করবেন
৫.	এ	এ	এ	ভেদরগঞ্জ এলএসডি	১০০	এ	এ	
৬.	এ	এ	এ	জাজিরা এলএসডি	১০০	এ	এ	
৭.	এ	এ	রাজবাড়ী	রাজবাড়ী এলএসডি	৫০০	এ	এ	
৮.	এ	এ	এ	গোয়ালন্দ এলএসডি	২০০	এ	এ	
৯.	এ	এ	ফরিদপুর	অম্বিকাপুর এলএসডি	৭০০	এ	এ	
১০.	এ	এ	এ	মধুখালী এলএসডি	১০০	এ	এ	
১১.	এ	মহেশ্বরপাশা সিএসডি	এ	ভাংগা এলএসডি	১০০	এ	এ	
১২.	এ	এ	এ	নগরকান্দা এলএসডি	২০০	এ	এ	
১৩.	এ	এ	এ	বোয়ালমারী এলএসডি	১০০	এ	এ	
১৪.	এ	এ	এ	সালথা এলএসডি	১০০	এ	এ	
১৫.	এ	এ	এ	আলফাডাংগা এলএসডি	১০০	এ	এ	
১৬.	এ	এ	গোপালগঞ্জ	গোপালগঞ্জ এলএসডি	৪০০	এ	এ	
১৭.	এ	এ	এ	কোটালীপাড়া এলএসডি	২০০	এ	এ	
				মোট =	৪,১০০			

নির্দেশনাসমূহ:

- ১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।
 - ২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো এবং ব্যবস্থাপক, খুলনা সিএসডি ও মহেশ্বরপাশা সিএসডি প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্টি অনুযায়ী গম পরিবহণ করাবেন।
 - ৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।
 - ৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন।
 - ৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।
 - ৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না।
 - ৭। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
 - ৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।
 - ৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
 - ১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।
 - ১১। সূচির মেয়াদ ২৪-১২-২০২৪ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে।
 - ১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১৫-১২-২০২৪

মোঃ আনিছুর রহমান
সহকারি উপপরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা।
- ২। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
- ৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), খুলনা।
- ৪। ব্যবস্থাপক, খুলনা/মহেশ্বরপাশা সিএসডি, খুলনা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.২৮৭১/১ (৫)

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১৫ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক।
- ৪। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এলএসডি।



১৫-১২-২০২৪
মোঃ আনিছুর রহমান
সহকারি উপপরিচালক